

BACHELOR OF ARTS EXAMINATION, 2023

(3rd Year, 6th Semester)

COMPARATIVE LITERATURE

COURSE: CBCS/CL/CORE/UG/6,1A

[ADHUNIK BANGLA SAHITYA II]

Time : Two Hours

Full Marks : 30

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায়

সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) রবীন্দ্রনাথকে বুদ্ধদেব বসু যে অর্থে 'স্বভাব কবি' বলে গণ্য করেছেন, তা কি শেষ দশকের রবীন্দ্র-কাব্য আলোচনায় প্রাসঙ্গিক? কবিতার উদাহরণসহ আলোচনা করো।

অথবা,

১। খ) 'আধুনিক কাব্য' এবং 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ দুটি বাংলা কবিতায় আধুনিকতা বিষয়ে কি শুধুমাত্র মতানৈক্য প্রতিষ্ঠা করে বলে তোমার মনে হয়? উত্তরের পক্ষে যুক্তি দাও।

২। ক) *পথের পাঁচালি* বিষয় আঙ্গিকে চমকপ্রদ 'বিকল্প আখ্যান'। --যুক্তিসহ আলোচনা করো।

অথবা,

২। খ) *বাড়ি থেকে পালিয়ে* উপন্যাসে নগরের যে নৈতিক অবক্ষয়ের চিত্র অঙ্কিত হয়েছে কাঞ্চনের চোখে, উপন্যাসটিকে বয়ঃপ্রাপ্তির আখ্যান হিসেবে পড়তে গেলে তা কীভাবে কার্যকরী হয়ে ওঠে? প্রয়োজনীয় উদাহরণ সহযোগে আলোচনা করো।

৩। ক) শঙ্কু মিত্র তাঁর *চাঁদ বণিকের পালা* নাটকে মধ্যযুগীয় মঙ্গলকাব্যের একটি চরিত্র চাঁদ সওদাগরকে বিশ শতকের ষাটের দশকে পুনরায় যখন নির্মাণ করছেন, তখন সেই ঐতিহাসিক প্রবণতাকে তুমি কিভাবে দেখতে চাইবে? আলোচ্য নাটকটি পাঠ করে পাঠ অভিজ্ঞতার ভিত্তিতে তোমার মতামত জানাও।

অথবা,

৩। খ) 'ল্যাবরেটরি' ছোটগল্পটিতে রবীন্দ্রনাথ ল্যাবরেটরির রূপকে চরিত্রদের মনস্তাত্ত্বিক জগতে প্রবেশ করে রাসায়নিক ক্রিয়া-প্রতিক্রিয়ার মতোই চরিত্রদের মানসিক জটিলতার পরত যেভাবে উন্মোচন করেছেন ধাপে ধাপে, নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে যেভাবে এগিয়েছে গল্পের আখ্যান, সেই পরীক্ষা-নিরীক্ষার পদ্ধতি এবং ফলাফল সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।